

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.৩৮.১১.০০৪.২০১৭.৮২৬

তারিখ : ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে পূরণ করার নিমিত্ত রাজামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার অধিবাসী ব্যতিরেকে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অনলাইন এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র/নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	উপসহকারী কৃষি কর্মকর্তা	১৬৫০টি (স্থায়ী)	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে কৃষি বিজ্ঞানে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা	জেলার কোটার প্রাপ্যতা না থাকায় শেরপুর, কুষ্টিয়া, মেহেরপুর, খুলনা, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, বরগুনা, রাজবাড়ী জেলার আবেদনকারীগণ আবেদন করতে পারবেন না। তবে উল্লিখিত জেলাসহ সকল জেলার এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণ আবেদন করতে পারবেন (রাজামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা ব্যতীত)।

নিয়োগের শর্তাবলী :

- নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে।
- অনলাইন এ (ক) আবেদন ফরম পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরু তারিখ ও সময়ঃ ০১ ফেব্রুয়ারি ২০১৮ সকাল ১০.০০ ঘটিকা।
(খ) আবেদন ফরম পূরণের শেষ তারিখ ও সময়ঃ ২৮ ফেব্রুয়ারি ২০১৮ বিকাল ৫.০০ ঘটিকা।
শুধুমাত্র User ID প্রাপ্ত আবেদনকারীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষা ফি জমা দিতে পারবেন।
বিশেষ দ্রষ্টব্যঃ Applicant's Copy তে উল্লিখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টা) আবেদনকারীগণ পরীক্ষা ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের আবেদনকারীগণকে পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা যথাসময়ে প্রদান করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- বয়স সীমা: ২৫ জানুয়ারি ২০১৮ খ্রি. তারিখে বয়স-
ক. আবেদনকারীগণের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।
খ. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়স সীমা ১৮ থেকে ৩২ বছর।
- আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।
- আবেদনকারীদের নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।
- মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- অনলাইন এ আবেদন ফরম পূরণের ক্ষেত্রে শুধুমাত্র Teletalk Bangladesh Limited এর ওয়েব পোর্টাল <http://daesaa.teletalk.com.bd> অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট www.dae.gov.bd থেকে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র বৈধ বলে গণ্য হবে।
- আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হতে SMS এর মাধ্যমে আবেদনকারীগণকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।



চলমান পাতা-২

১১. অনলাইনে আবেদন ফরম পূরণের সংক্ষিপ্ত পদ্ধতিঃ

আবেদনকারীকে টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েব পোর্টাল <http://daesao.teletalk.com.bd> অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট www.dae.gov.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Online registration কার্যক্রম এবং পরীক্ষা ফি জমাদান সম্পন্ন করতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট www.dae.gov.bd এ অনলাইন আবেদন ফরম পূরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। অনলাইন ফরম পূরণের পূর্বে আবেদনকারীগণ উক্ত নির্দেশনার অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভালভাবে জেনে নিতে পারবেন।

১২. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট www.dae.gov.bd এ “উপ সহকারী কৃষি কর্মকর্তা” নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

১৩. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা সংরক্ষণ করে।



(মোঃ মোয়াজ্জেম হোসেন)
উপ পরিচালক (পার্সোনেল)

ও

সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি